দৈনিক সংবাদ

97
তারিখ ... 16 SEP 1998 ...
পৃষ্ঠা : ৭ কলাম ... 2 ...

# ঠাকুরগাঁয় শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগ

ঠাকুরগাঁ থেকে নিজস্ব সংবাদদাতা ঃ ঠাকুরগাঁ সি,এম আইয়ুব উচ্চ বালিকা বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ, পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসসহ বিভিন্ন অনিয়মের কারণে চাপা উত্তেজনা বিরাজ করছে এবং প্রার্থীরা জেলা প্রশাসকের কাছে লিখিতভাবে ঘটনার প্রতিবাদ জানিয়েছেন, ইতোমধ্যে ঘটনার তদন্তের দাবি জানিয়ে শহরে পোস্টারিং হয়েছে। বিষয়টি দুর্নীতিদমন বিভাগ প্রাথমিকভাবে তদন্ত শুরু করেছে।

অভিযোগে জানা যায়, এই বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষিকা নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র নিয়োগ কমিটির সিদ্ধান্ত উপেক্ষা করা হয়েছে। নিয়োগ কমিটির সিদ্ধান্ত ছিল পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে প্রশ্নপত্র তৈরি করে পরীক্ষা নেয়া হবে। কিন্তু তা না করে আগেই প্রশ্নপত্র তৈরি করে বিরাট অংকের অর্থের বিনিময়ে ফাঁস করা হয়েছে।

সাবেক সংসদ-সদস্য আলহাজ্ব ফজলুল করিম আগেই বিষয়টি জেলা প্রশাসনকে টেলিযোগে জানান। কিন্তু কোন সুফল আসেনি। ঘটনা জানাজানি হলে শহরে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

এই নিয়োগ বাতিল করে পুনঃ পরীক্ষা বিভিন্ন পর্যায়ে তদন্ত করার দাবি জানানো হয়েছে।

এদিকে কর্তৃপক্ষ উত্তরপত্রসমূহ সংশোধনের অপেচেষ্টা চালাচ্ছেন বলেও শোনা যাচ্ছে।